

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.১০৫.১৩- ২৯৭,

তারিখ : ১৯/৪/২০১৬ খ্রি:

বিষয়ঃ বিশেষ প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত তথ্য প্রদান প্রসঙ্গে।

গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, দেশে বিদেশে কর্মসংস্থান উপযোগী বিশেষ প্রশিক্ষণ কোর্স পরিচালনা সংক্রান্ত নির্দেশনা ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত নির্দেশনায় কোর্সের কারিকুলাম, অতিথি বক্তাদের ক্লাশ গ্রহণ সংক্রান্ত তথ্য, অতিথি বক্তা কর্তৃক প্রশিক্ষণার্থীদের প্রদত্ত হ্যান্ড আউট এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ আত্মকর্মসংস্থান বা কোন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের সুযোগ পেয়েছে কিনা ইত্যাদি তথ্যাদি প্রশিক্ষণ শাখায় প্রেরণের জন্য বলা হয়েছিল। কিন্তু উক্ত নির্দেশনা প্রদান সত্ত্বেও তা যথাযথভাবে প্রেরণ করা হচ্ছে না। বর্ণিত তথ্যাদি সংশ্লিষ্ট কার্যালয় থেকে যথাযথভাবে প্রেরণ করা না হলে সংশ্লিষ্ট কার্যালয়ে বিশেষ প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য পরবর্তীতে বাজেট বরাদ্দ প্রদান করা হবে না।

এমতাবস্থায়, মানসম্মত বিশেষ প্রশিক্ষণ কোর্স পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত তথ্যাদি প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


০১। অতিথি বক্তা সংক্রান্ত তথ্য :

নং	রিসোর্স পার্সন এর নাম, পদবী ও প্রতিষ্ঠান	শিক্ষাগত যোগ্যতা	ক্লাশ গ্রহণের বিষয়বস্তু	ক্লাশ গ্রহণের সংখ্যা	মোবাইল ও ই-মেইল নম্বর	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

০২। অতিথি বক্তা কর্তৃক প্রদত্ত হ্যান্ডআউট।

০৩। তাঁর কার্যালয় কর্তৃক বিশেষ প্রশিক্ষণ এর কারিকুলাম প্রস্তুত করা হলে তা প্রশিক্ষণ শাখায় প্রেরণ করতে হবে।

০৪। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ আত্মকর্মসংস্থান বা কোন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের সুযোগ পেয়েছে কিনা তা মনিটরিং করে প্রশিক্ষণ শাখাকে অবহিত করতে হবে।


(মোঃ শহিদুল ইসলাম)
পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৬০৭৬১

০১। উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
.....(সংশ্লিষ্ট) জেলা।

০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
..... উপজেলা..... (সংশ্লিষ্ট) জেলা।

অনুলিপিঃ

- ০১। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। অফিস কপি।